গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
নবায়নযোগ্য জ্বালানি-২ শাখা,
www.powerdivision.gov.bd

স্মারক নম্বর: ২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০২.২৫.৬৯

তারিখ: ২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: মন্ত্রণালয়/বিভাগ এবং আওতাধীন দপ্তর, সংস্থা ও কোম্পানির স্থাপনায় ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ (Rooftop Solar) স্থাপন

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আমদানি নির্ভর জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভরতা হ্রাস এবং নবায়নযোগ্য জ্বালানির ব্যবহার বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রিসভা বৈঠকের অনুমোদনক্রমে 'জাতীয় নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কৌশলপত্র (২০২৬-২০৩০)' প্রণয়ন করা হয়েছে। জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) এর ১৯-০৮-২০২৬ তারিখের সভায় "বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কৌশলপত্র (২০২৬-২০৩০) অনুসরণ করে সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাকে তাঁর নিজস্ব স্থাপনায় যে সকল রুফটপ সোলার কার্যক্রম শুরু করবে তা OPEX (Operational Expenditure) মডেলে বাস্তবায়ন করতে হবে" মর্মে অনুশাসন প্রদান করা হয়েছে। একইসাথে, আগামী গ্রীষ্ম মৌসুমে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণে ৩,০০০-৪,০০০ মেগাওয়াট পিক ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যে সরকার কর্তৃক বিশেষ প্রণোদনা ঘোষণা করা হয়েছে। আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৭ তারিখের মধ্যে নেট মিটারিংয়ের আওতায় জাতীয় গ্রিডে সরবরাহকৃত প্রতি ইউনিট ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ সরকার ১০.৫০ টাকা হারে ক্রয় করবে মর্মে ০১ সেপ্টেম্বর, ২০২৬ তারিখে প্রজ্ঞাপন জারি করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের আলোকে যারা ২৮ ফেব্রুয়ারি ২০২৭ এর মধ্যে ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ স্থাপন করবে তাদের জন্য এ সুবিধা ২৮ ফেব্রুয়ারি ২০৩০ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে।

২। বর্ণিত প্রেক্ষাপটে ২৮ ফেব্রুয়ারি ২০২৭ এর মধ্যে সরকার কর্তৃক নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সকল মন্ত্রণালয়/বিভাগসহ আওতাধীন দপ্তর, অধিদপ্তর, সংস্থা, কর্পোরেশন, কোম্পানি, স্বায়ত্বশাসিত বা আধা-স্বায়ত্বশাসিত সংস্থা এবং সংশ্লিষ্ট মাঠপর্যায়ের কার্যালয়সমূহ কর্তৃক নিজস্ব উপযুক্ত স্থাপনায় বেসরকারি বিনিয়োগে OPEX মডেলে ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপন করতে হবে। এ ক্ষেত্রে অর্থ বিভাগ হতে কোনো বরাদ্দ প্রদান করা হবে না। তবে যে সকল সংস্থার নিজস্ব আয় রয়েছে সে সকল সংস্থা ভবিষ্যৎ মুনাফা বিবেচনায় OPEX মডেল অথবা নিজস্ব আয় থেকে স্ব স্ব স্থাপনায় ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপন করতে পারবে।

৩। স্থাপিত সকল সৌরবিদ্যুৎ ব্যবস্থার দীর্ঘমেয়াদি পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য উপযুক্ত প্রতিষ্ঠান নিয়োগের বিষয়টি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। এছাড়াও যেসকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার দীর্ঘ সময় এবং রাত্রিকালীন সময়ে বিদ্যুৎ প্রয়োজন হয় তাদের আবশ্যিকভাবে প্রয়োজনীয় ব্যাটারি স্থাপন করতে হবে। পরিবেশ সুরক্ষা নিশ্চিতকল্পে পরিবেশবান্ধব লিথিয়াম ব্যাটারি ব্যবহার করতে হবে। উল্লেখ্য, বিদ্যুৎ বিভাগের আওতাধীন সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ সংস্থা ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ স্থাপনের কারিগরি সম্ভাব্যতা যাচাই, নেট মিটারিং সংযোগসহ অন্যান্য সকল কারিগরি বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।

৪। বেসরকারি বিনিয়োগের মাধ্যমে ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ কার্যক্রম সম্প্রসারণের লক্ষ্যে বিদ্যুৎ বিতরণ সংস্থাসমূহ কর্তৃক সারাদেশে জেলা-ভিত্তিক 'সার্ভিস প্রোভাইডার' তালিকাভুক্তির কার্যক্রম গ্রহণ করা হয়েছে, যার তালিকা আগামী ৭ অক্টোবর, ২০২৬ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করা হবে। মন্ত্রণালয়/বিভাগসহ সকল সংশ্লিষ্ট সংস্থা এ সকল সার্ভিস প্রোভাইডার বা বিদ্যুৎ বিতরণ সংস্থা বা উমূক্ত প্রতিযোগিতামূলক দরপত্র আহবানের মাধ্যমে নির্বাচিত অন্যকোন বেসরকারি প্রতিষ্ঠানের বিনিয়োগের মাধ্যমে OPEX মডেলে ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ স্থাপন করতে পারবে।

৫। এমতাবস্থায়, আগামী ২৮ ফেব্রুয়ারি ২০২৭ তারিখের মধ্যে ছাদভিত্তিক অন-গ্রিড সৌরবিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থা/কর্পোরেশন/কোম্পানি/স্বায়ত্বশাসিত/আধা-স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের এবং মাঠ পর্যায়ে অফিসসমূহের উপযুক্ত স্থাপনায় ছাদভিত্তিক সৌরবিদ্যুৎ ব্যবস্থা স্থাপনের উদ্যোগ গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭-০৯-২০২৬
তাহমিলুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন : ০২৪১০৫৩৯৪৫
ইমেইল : re-2@pd.gov.bd

সচিব
সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

স্মারক নম্বর: ২৭.০০.০০০০.০০০.০৯৬.২২.০০০২.২৫.৬৯/১ (৭)

তারিখ: ২ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ / ১৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), মন্ত্রীর দপ্তর, বিদ্যুৎ বিভাগ (মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রীর দপ্তর, বিদ্যুৎ বিভাগ (প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য।
৩। উপসচিব ও কাউন্সিল অফিসার, সমন্বয়-১ শাখা, বিদ্যুৎ বিভাগ।
৪। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, বিদ্যুৎ বিভাগ (সচিবের সদয় অবগতির জন্য)।
৫। অতিরিক্ত সচিব (নবায়নযোগ্য জ্বালানি) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
৬। যুগ্মসচিব (নবায়নযোগ্য জ্বালানি) এর ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
৭। অফিস কপি, বিদ্যুৎ বিভাগ।

১৭-০৯-২০২৬
তাহমিলুর রহমান
সিনিয়র সহকারী সচিব